

বর্তমান

রাজ্য

শিশুদের নিয়ে বিজেপির বিজ্ঞাপনে রাশ টানতে পদক্ষেপ কমিশনের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: রাজ্য শিশু কমিশনের চাপে নড়েচড়ে বসল নির্বাচন কমিশন। বিজেপির প্রচার বিজ্ঞাপনে শিশুদের ব্যবহারের ঘটনায় অবশেষে পদক্ষেপ করল তারা। ওই ভিডিও সোশ্যাল সাইট থেকে মুছে ফেলার জন্য জাতীয় নির্বাচন কমিশনকে আর্জি জানালেন মুখ্য নির্বাচনী আধিকারিক। সেই সংক্রান্ত তথ্য রাজ্য শিশু কমিশনকে জানিয়ে দিয়েছেন তিনি। প্রসঙ্গত, গত ১৬ এপ্রিল এই ঘটনা নিয়ে অভিযোগ জানিয়েছিল শিশু কমিশন। কী ব্যবস্থা নেওয়া হচ্ছে, তা নিয়ে রিপোর্টও তলব করা হয়। কিন্তু তারপর দু'বার চিঠি দেওয়া হলেও, নির্বাচন কমিশন থেকে কোনও উত্তর আসেনি। শেষমেশ ২৫ এপ্রিল কড়া হুঁশিয়ারি দেওয়ার পর এদিন চাপে পড়ে এই ঘটনার প্রেক্ষিতে পদক্ষেপ করতে বাধ্য হল নির্বাচন কমিশন। গত ১৬ এপ্রিল নির্বাচন কমিশনকে চিঠি দিয়ে ওই বিজ্ঞাপনে শিশুদের ব্যবহার করার কথা জানানো হয়েছিল। অভিযোগ ছিল, যেভাবে শিশুদের মুখে নানা প্রকল্পের কথা বসিয়ে দেওয়া হয়েছে, তা শিশু অধিকার লঙ্ঘনের সমান। এই সংক্রান্ত বিষয়ে শিশু কমিশনের তরফে রিপোর্ট তলব করা হয়। কিন্তু তা না দেওয়ায় ১৮ এপ্রিল ফের মনে করিয়ে দিয়ে চিঠি দিয়েছিল শিশু কমিশন। কিন্তু তারপরও এক সপ্তাহ কেটে যায়। তিনদিনের মধ্যে রিপোর্ট না এলে, শিশু কমিশন কী করতে পারে, তাও সেই চিঠিতে উল্লেখ করা হয়েছিল। তার প্রেক্ষিতেই এদিন যে চিঠি দিল্লিতে পাঠানো হয়েছে, দলীয় বিজ্ঞাপনে শিশুদের ব্যবহার করা ভিডিও অনলাইন সাইট থেকে যেন মুছে ফেলা হয়। এ প্রসঙ্গে রাজ্য শিশু কমিশনের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী বলেন, শিশুদের অধিকার রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। দলমত নির্বিশেষে যদি কেউ শিশুদের অধিকার লঙ্ঘন করে, সেক্ষেত্রেও আমরা একই পদক্ষেপ করব।